

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৫৩১

৪৩/ ফাযায়েল (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ৪৩/৪১. ইবরাহীম খালীল (আঃ) এর মর্যাদা।

من فضائل إِبراهيم الخليل صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

حديث أَبِي هُريْرَةَ رضي الله عنه، قَالَ: لَمْ يَكْذِبْ إِبْرَاهِيمُ عَلَيْهِ السَّلاَمُ، إِلاَّ ثَلاَثَ كَذَبَاتِ: ثِنْتَيْنِ مِنْهُنَّ فِي ذَاتِ اللهِ عَنَّ وَجَلَّ قَوْلُهُ (إِنِّي سَقِيمٌ) وَقَوْلُهُ (بَلْ فَعَلَهُ كَبِيرُهُمْ هذَا) وقَالَ: بَيْنَا هُوَ ذَاتَ يَوْمٍ وَسَارَةُ، إِذْ أَتَى عَلَى جَبَّارِ مِنَ الْجَبَابِرَةِ فَقِيلَ لَهُ: إِنَّ ههُنَا رَجُلاً مَعَهُ امْرَأَةٌ مِنْ أَحْسَنِ النَّاسِ، فَأَرْسَلَ إِلَيْهِ، فَسَأَلَهُ عَنْهَا، فَقَالَ: مَنْ هذهِ قَالَ: أُخْتِي فَأَتَى الْمَرَأَةُ مِنْ أَحْسَنِ النَّاسِ، فَأَرْسَلَ إِلَيْهِ، فَسَأَلَهُ عَنْهَا، فَقَالَ: مَنْ هذهِ قَالَ: أُخْتِي فَأَتَى سَارَةٌ، قَالَ: أَخْتِي فَأَرْسَلَ إِلَيْهَا فَلَمَّا دَخَلَتْ عَلَيْهِ ذَهَبَ يَتَنَاوَلُهَا بِيَدِهِ، فَقَالَ: الْجَي اللهَ لِي، وَلاَ أَصْرُكُ فَدَعَتِ اللهَ، فَأُطْلِقَ قُرَعا بَعْضَ حَجَبَتِهِ، فَقَالَ: إِنَّكُمْ فَأَ فُونَ اللهَ لِي وَلاَ أَصُرُّكِ فَدَعَتِ اللهَ، فَأُطْلِقَ قُدَعَا بَعْضَ حَجَبَتِهِ، فَقَالَ: إِنَّكُمْ فَأَ فَالَتَ الْجَي اللهَ لِي وَلاَ أَصُرُّكِ فَدَعَتِ اللهَ، فَأُطْلِقَ فَدَعَا بَعْضَ حَجَبَتِهِ، فَقَالَ: إِنَّكُمْ أَقُ أَتُونِي بِإِنْسَانٍ، إِنَّمَا أَتَيْتُمُونِي بِشِيْطَانٍ فَأَحْدَمَهَا هَاجَرَ فَأَتَتْهُ، وَهُوَ قَائِمٌ يُصِلِي فَأَوْمَا لَمْ أَتُونِي بِإِنْسَانٍ، إِنْمَا أَتَيْتُمُونِي بِشِيْطَانٍ فَأَحْدَمَهَا هَاجَرَ فَأَتَتْهُ، وَهُوَ قَائِمٌ يُصِلِي فَأَوْمَا لَوْ الْفَاجِرِ) فِي نَحْرِهِ، وَأَحْدَمَ هَاجَرَ

বাংলা

১৫৩১. আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ইবরাহীম (আঃ) তিনবার ছাড়া কখনও মিথ্যা বলেননি। তন্মধ্যে দু'বার ছিল আল্লাহর ব্যাপারে। তার উক্তি "আমি অসুস্থ"- (সূরাহ আস-সাফফাত ৩৭/৮৯) এবং তাঁর অন্য এক উক্তি বরং এ কাজ করেছে, এই তো তাদের বড়িট (সূরাহ আম্বিয়া ২১/৬৩)। বর্ণনাকারী বলেন, একদা তিনি ইবরাহীম (আঃ)] এবং সারা অত্যাচারী শাসকগণের কোন এক শাসকের এলাকায় এসে পৌছলেন। তখন তাকে খবর দেয়া হল যে, এ এলাকায় এক ব্যক্তি এসেছে। তার সঙ্গে একজন সবচেয়ে সুন্দরী মহিলা আছে। তখন সে তার নিকট লোক পাঠাল। সে তাঁকে নারীটি সম্পর্কে জিজ্ঞেস করল, এ নারীটি কে? তিনি উত্তর দিলেন, মহিলাটি আমার বোন। অতঃপর তিনি সারার নিকট আসলেন এবং বললেন, হে সারা! তুমি আর আমি ব্যতীত পৃথিবীর



উপর আর কোন মু'মিন নেই। এ লোকটি আমাকে তোমার সম্পর্কে জিজ্ঞেস করেছিল। তখন আমি তাকে জানিয়েছি যে, তুমি আমার বোন। কাজেই তুমি আমাকে মিথ্যা প্রতিপন্ন করো না।

অতঃপর সারাকে আনার জন্য লোক পাঠালো। তিনি যখন তার নিকট প্রবেশ করলেন এবং রাজা তাঁর দিকে হাত বাড়ালো তখনই সে পাকড়াও হল। তখন অত্যাচারী রাজা সারাকে বলল, আমার জন্য আল্লাহর নিকট দুআ কর, আমি তোমার কোন ক্ষতি করব না। তখন সারা আল্লাহর নিকট দুআ করলেন। ফলে সে মুক্তি পেয়ে গেল। অতঃপর দ্বিতীয়বার তাঁকে ধরতে চাইল। এবার সে পূর্বের মত বা তার চেয়ে কঠিনভাবে পাকড়াও হল। এবারও সে বলল, আল্লাহর নিকট আমার জন্য দুআ কর। আমি তোমার কোন ক্ষতি করব না। আবারও তিনি দুআ করলেন, ফলে সে মুক্তি পেয়ে গেল। অতঃপর রাজা তার এক দারোয়ানকে ডাকল। সে তাকে বলল, তুমি তো আমার নিকট কোন মানুষ আননি বরং এনেছ এক শয়তান। অতঃপর রাজা সারার খিদমতের জন্য হা-যারাকে দান করল। অতঃপর তিনি (সারা) তাঁর (ইবরাহীম) নিকট আসলেন, তিনি দাঁড়িয়ে সালাত আদায় করছিলেন। তখন তিনি হাত দ্বারা ইশারা করে সারাকে বললেন, কী ঘটেছে? তখন সারা বললেন, আল্লাহ কাফির বা ফাসিকের চক্রান্ত তারই বুকে ফিরিয়ে দিয়েছেন। আর সে হা-যারাকে খিদমতের জন্য দান করেছে।

আবূ হুরাইরাহ (রাঃ) বলেন, হে আকাশের পানির ছেলেরা! হাযেরাই আমাদের আদি মাতা।

ফুটনোট

সহীহুল বুখারী, পূর্ব ৬০: নাবীগণের (আঃ) হাদীসসমূহ, অধ্যায় ৮, হাঃ ৩৩৫৮; মুসলিম, পর্ব ৪৩: ফায়ায়েল, অধ্যায় ৪১, হাঃ ২৩৭১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন